দৈনিক ইত্তেফাক

তারিখ 27 JUN 1990

পৃষ্ঠা ২ কলাম ২

09

## মেডিক্যাল কলেজের প্রশাসনিক ও অর্থনৈতিক স্বায়ত্তশাসন প্রদানের দাবী

মেডিকেল কলেজ ও ইনষ্টিটিউটসমূহকে পূর্ণ প্রশাসনিক ও অর্থনৈতিক স্বায়ত্তশাসন প্রদান ও পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য বাংলাদেশ মেডিকেল শিক্ষক সমিতি (২য় পৃঃ দ্রঃ)

### মেডিক্যাল কলেজকে

( ১ম পৃঃ পর )

ফেডারেশন দাবী জানাইয়াছে।

গতকাল সকালে পিজি হাসপাতালের সম্মেলন কক্ষে মেডিকেল শিক্ষক সমিতি ফেডারেশনের এক জরুরী সাধারণসভায় এই দাবী জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক এ,বি ভুঁইয়া। বক্তব্য রাখেন ফেডারেশনের মহাসচিব ডাঃ গাজী আবদুল হক, পিজি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডাঃ এম,এ, মান্নান, রাজশাহী মেডিকেল কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডাঃ রফিকুল আলম, ঢাকা মেডিকেল কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ডাঃ কামরুল হাসান খান, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ শিক্ষক সমিতির সভানেত্রী অধ্যাপিকা গুলশান আরা, বিএমএর সভাপতি অধ্যাপক এম,এ, মাজেদ, সাধারণ সম্পাদক ডাঃ মোস্তফা জামাল মহিউদ্দীন প্রমুখ।

সভায় গৃহীত প্রস্তাবে হাসপাতালে সাধারণ শয্যাসংখ্যা হ্রাস ও পেয়িং বেডের সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত প্রত্যাহার দাবী ও স্বায়ত্তশাসিত স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের নামে সরকারী স্বাস্থ্য ব্যবস্থাকে বেসরকারীকরণের উদ্যোগের সমালোচনা করা হয়। প্রস্তাবে বলা হয়, মেডিকেল শিক্ষকদের প্রাইভেট প্রাকটিস বন্ধ করিলে মেডিকেল শিক্ষার উন্নতি হইবে না। —প্রেস বিজ্ঞপ্তি।